

## 11561 - কুরআনে কারীম মুখ্ত করার কার্যকরী পদ্ধতি

### প্রশ্ন

আমি কুরআনে কারীম মুখ্ত করার সহজ পদ্ধতি জানতে চাই?

### প্রিয় উত্তর

কুরআনে কারীম মুখ্ত করার পদ্ধতি হচ্ছে:

নিয়মিত কুরআনে কারীম মুখ্ত করা। মুখ্ত করার ক্ষেত্রে মানুষের দুইটি পদ্ধতি অবলম্বন করে:

এক: এক আয়াত এক আয়াত করে, কিংবা দুই আয়াত দুই আয়াত করে, কিংবা তিন আয়াত তিন আয়াত করে মুখ্ত করা;  
আয়াতের দীর্ঘতা ও হ্রস্বতার ভিত্তিতে।

দুই: এক পৃষ্ঠা এক পৃষ্ঠা করে মুখ্ত করা।

কেউ কেউ গোটা পৃষ্ঠাকে বারবার পড়ার মাধ্যমে মুখ্ত করাকে প্রধান্য দেয়। আর কেউ কেউ এক আয়াত বারবার পড়ার মাধ্যমে  
মুখ্ত করে, এরপর পরের আয়াত মুখ্ত করে; এভাবে খতম করাকে প্রধান্য দেয়।

প্রথম পদ্ধতি বা দ্বিতীয় পদ্ধতি যেটাই অনুসরণ করা হোক না কেন একটা অংশ মুখ্ত করার পর সেটি পরিপূর্ণভাবে পাকাপোক্ত  
করার আগে নতুন কিছু মুখ্ত না করা; যাতে করে ভিত্তি দুর্বল না হয়। যতটুকু মুখ্ত করা হয়েছে প্রতিদিন; বিশেষতঃ সকাল বেলায়  
সেটি পুনঃ পাঠ করা উচিত। যখন ব্যক্তি বুবাতে পারবে যে, সে যতটুকু মুখ্ত করেছে এটি পাকাপোক্ত হয়েছে; তখন সে নতুন পাঠ  
গ্রহণ করবে।